

ঢাকা কলেজে ছাত্রলীগের দুই পক্ষে সংঘর্ষ গুলি নিহত ১ আহত ৫

নিজস্ব প্রতিবেদক

ঢাকা কলেজে গতকাল তেত্রবার গভীর রাতে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ ও গোলাগুলি হয়েছে। এ সময়, গুলিবিদ্ধ হয়ে এক ছাত্র নিহত হয়েছেন। এ ঘটনার গুলিবিদ্ধসহ আরও পাঁচজন আহত হন। নিহত ছাত্রের নাম রাকিব আল ফারুক (২৬)। তিনি ঢাকা কলেজের, প্রাণিবিদ্যা বিভাগের মাস্টারের ছাত্র ছিলেন। আহতদের মধ্যে রাকিব, নাস্তু ও সুসতান নামে তিনজনকে রাতেই ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী, পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ঢাকা কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাকিবুল হান্নান সুইন ও উজ্জ্বল নামে আরেক ছাত্রলীগ নেতার প্রপের মধ্যে সংঘর্ষের জের ধরে রাত পৌনে ১২টার দিকে কলেজের নর্থ হল এলাকায় গুলিবর্ষণ ও ককটেলের বিস্ফোরণ ঘটে। সংঘর্ষের সময় পুলিশ কলেজের ফটকের সামনে অবস্থান নিলেও ভেতরে প্রবেশ করতে পারেনি।

রাত ১টার দিকে নিউমার্কেট থানার ওসি ইয়াছির আরাকাত কালের কটকক বলেন, 'ছাত্রদের মধ্যে একটি গণগোল হয়েছে। আমরা ঘটনাস্থলে এসেছি। তবে কেউ নানা যাওয়ার কোনো খবর পাইনি।' খোঁজ নিয়ে জানা গেছে, বুধসপ্তিকবার রাতে নর্থ হলের উজ্জ্বল নামে মাস্টার শেষ

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ১

ঢাকা কলেজে ছাত্রলীগের

▶▶ শেষ পৃষ্ঠার পর

বার্ষিক এক ছাত্রলীগ নেতাকে দাঙ্গিত করা হয়। এ নিয়েই ঘটনার সূত্রপাত। গতকাল রাতে উজ্জ্বল প্রপের কর্মীরা সুইন প্রপের কর্মীদের ওপর হামলা চালায়। এ সময় কয়েকটি ককটেল বিস্ফোরণ এবং গুলিবর্ষণের ঘটনা ঘটে। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে পুলিশ ক্যাম্প ইনচার্জ মোজাম্মেল হক জানান, রাত পোয়া ১টার দিকে আহত চার ছাত্রকে হাসপাতালে আনা হয়। এ সময় চিকিৎসকরা ছাত্রকে মৃত ঘোষণা করেন। তিনি প্রাণিবিদ্যা বিভাগের মাস্টারের ছাত্র ছিলেন। ফারুক ইন্টারন্যাশনাল হলে থাকতেন।